

স্বাক্ষরিত ও প্রমাণিত
আপলোড করা হলো।

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (প্রশাসনিক)
বিসিএস (সাধারণ শিক্ষা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.২১১০

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

বিষয়: চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন কড়ৈতলী কে, এম আলিম মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: হাছান ছগির (ইনডেক্স নং-N2103469) এর প্রার্থীত নাম সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) USEO, ফরিদগঞ্জ, চাঁদপুর এর স্মারক নং- উমাশিঅ/ফরিদ/চাঁদ/২০২১/৩০; তারিখ: ০৬.০৬.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.১৬.০০১-২৪; তারিখ: ২০.০৭.২০২২ খ্রি.

(ডকেট নং-৮৯২১; তারিখ: ২১.০৭.২০২২ খ্রি.)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন কড়ৈতলী কে, এম আলিম মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: হাছান ছগির (ইনডেক্স নং-N2103469) এর এমপিও শীটে নাম সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে USEO, ফরিদগঞ্জ, চাঁদপুর কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মো: শহীদ লতীফ, পরিদর্শক (সহযোগী অধ্যাপক)-মাশিঅ এবং জনাব মো: বাদশা মিয়া, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে মো: হাছান ছগির এর নাম MD. HASAN SAGIR মুদ্রিত আছে কিন্তু একাডেমিক সনদ (দাখিল, আলিম, ফাযিল ও কামিল), জাতীয় পরিচয়পত্র, নিয়োগপত্র ও যোগদানপত্র সংক্রান্ত কাগজ-পত্রে নাম MUHAMMAD HASAN SAGIR উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ১০ উল্লেখ আছে যা সহকারী মৌলভী পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত নাম MUHAMMAD HASAN SAGIR মর্মে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে মুদ্রিত নাম MD. HASAN SAGIR এর স্থলে MUHAMMAD HASAN SAGIR সংশোধনের জন্য আবেদন করেছেন এবং USEO, ফরিদগঞ্জ, চাঁদপুর বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ MD. HASAN SAGIR এর স্থলে MUHAMMAD HASAN SAGIR সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন কড়ৈতলী কে, এম আলিম মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: হাছান ছগির (ইনডেক্স নং-N2103469) এর এমপিও শীটে নাম MD. HASAN SAGIR এর স্থলে MUHAMMAD HASAN SAGIR সংশোধনের করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। USEO, ফরিদগঞ্জ, চাঁদপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: হাছান ছগির (ইনডেক্স নং-N2103469) এর তথ্য এবং নাম নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	সহকারী মৌলভী পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান নাম	প্রার্থীত নাম	মন্তব্য
০১	জনাব মো: হাছান ছগির, সহকারী মৌলভী (ইনডেক্স নং-N2103469 কড়ৈতলী কে, এম আলিম মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর	১২/১০/২০১৩ খ্রি.	নাম- MD. HASAN SAGIR	নাম- MUHAMMAD HASAN SAGIR	এমপিও শীটে বিদ্যমান নাম- MD. HASAN SAGIR এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত নাম MUHAMMAD HASAN SAGIR সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, USEO, ফরিদগঞ্জ, চাঁদপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: হাছান ছগির (ইনডেক্স নং-N2103469) এর নাম MD. HASAN SAGIR এর স্থলে MUHAMMAD HASAN SAGIR সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ডুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব মো: হাছান ছগির (ইনডেক্স নং-N2103469) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।

সংযুক্তি: ১০ ফর্দা।

৮-৮-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,

মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.২১১০/১

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।

৩) সভাপতি/অধ্যক্ষ, কড়ৈতলী কে, এম আলিম মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর।

৪) জনাব মো: হাছান ছগির, সহকারী মৌলভী (ইনডেক্স নং-N2103469), কড়ৈতলী কে, এম আলিম মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর।

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

৮-৮-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)